গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা- ১২০৭।
www.bpsc.gov.bd

নং-৮০.১০৪.০১১.০০.০০.০০৬.২০১৫- ৩৭ তারিখ: ১৮ জানুয়ারি,২০১৭।

**বিষয় : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১ম শ্রেণির 'গবেষণা কর্মকর্তা' পদের লিখিত পরীক্ষা পরিচালনার নির্দেশাবলি।**

**১। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১ম শ্রেণির 'গবেষণা কর্মকর্তা' পদের প্রার্থীদেরকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান,প্রাসংঙ্গিক টেকনিক্যাল বিষয় সংবলিত ২০০ নম্বরের প্রশ্নপত্রে মোট ০৩(তিন) ঘন্টার রচনামূলক লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে । প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না ।**

২। লিখিত পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের অন্তত ১৫(পনের) মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে । পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হবার পর ০১(এক) ঘন্টার পূর্বে কোনো পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।

৩। পরীক্ষা কক্ষে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন,আনা এবং কোনো প্রকার যোগাযোগ যন্ত্র ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ । পরীক্ষার দিন মোবাইল ফোনসহ কোনো প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না । পরীক্ষার হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তল্লাশি অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা হলের গেটে পুলিশ, কমিশনের প্রতিনিধি এবং হল কর্তৃপক্ষ এর উপস্থিতিতে প্রার্থীদের প্রবেশপত্রসহ অন্যান্য কাগজপত্র চেক করে হলে প্রবেশের অনুমতি দেয়া হবে । পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোনো নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে । পরীক্ষা হলে সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে ।

৪। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিঃ নম্বর ও নামের পাশে ছবি এবং প্রবেশপত্রে প্রদত্ত স্বাক্ষর মুদ্রিত থাকবে । প্রবেশপত্রে উল্লিখিত রেজিঃ নম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে এবং ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন । উক্ত কাজ শেষে পরিদর্শকগণ উত্তরপত্রের লিথোকোড ফর্মে এবং হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন । প্রার্থীর ছবি, স্বাক্ষর এবং প্রবেশপত্র ও উত্তরপত্রের নাম ও রেজিঃ নম্বরের কোনোরূপ গরমিলসহ অনিয়ম ধরা পড়লে প্রার্থীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে ।

৫। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্চনীয় ।

৬। পরীক্ষা কক্ষে কোনো প্রকার অসদুপায় অবলম্বনের জন্য প্রার্থীকে হল হতে বহিষ্কার করা হতে পারে । উল্লেখ্য যে, কোনো প্রার্থী পরীক্ষায় নকল করলে, সঙ্গে নকলের কপি পাওয়া গেলে বা অন্য কোনো অসদুপায় অবলম্বন করলে বা কোনো অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোনো পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোনো পদের জন্যও উক্ত প্রার্থী আবেদন করতে পারবেন না । তাছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও প্রার্থীকে সোপর্দ করা হতে পারে ।

**৭। বিষয় ভিত্তিক উত্তরপত্র আলাদা আলাদা করে কমিশনের প্রতিনিধির কাছে হস্তান্তর করতে হবে ।**

৮। রচনামূলক লিখিত পরীক্ষা লিথোকোড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে বিধায় প্রচলিত খাতার প্রথম পৃষ্ঠায় লিথোকোডের একটি কম্পিউটার ফরম সংযুক্ত থাকবে । উক্ত ফরমের উপরে প্রার্থী কর্তৃক পূরণীয় অংশটি পরীক্ষার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে পূরণ করতে হবে ।

ক্রমশ/২

**লিথোকোড ফরম পূরণের নির্দেশাবলি :**

১) লিথোকোড ফরমে তিনটি অংশ রয়েছে । তম্মধ্যে প্রার্থীগণ কেবলমাত্র ১ম অংশটি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন । অন্য কোনো অংশে বিন্দুমাত্র দাগ দিবেন না ।

২) প্রার্থীগণকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি খাতা প্রদান করা হবে । প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসংঙ্গিক টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন খাতা ব্যবহার করতে হবে । একই খাতায় একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে পরীক্ষা বাতিল হবে।

৩) নামের স্থানে পরীক্ষার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী তার নাম লিখবেন এবং স্বাক্ষরের স্থানে স্বাক্ষর করবেন । পরীক্ষার নাম এর স্থানে পদের নাম এবং বিষয়ের স্থানে প্রযোজ্য বিষয় ( যেমন: বংলা, ইংরেজি , সাধারণ জ্ঞান ও প্রাসংঙ্গিক টেকনিক্যাল বিষয় লিখতে হবে) ।

৪) পরীক্ষার নাম এর ঘরে নন ক্যাডার এর ঘর পূরণ করতে হবে ।

৫) পরীক্ষা কেন্দ্রের ঘরে প্রযোজ্য বৃত্তটি অর্থাৎ ঢাকা লিখতে হবে এবং সংশ্লিষ্ট বৃত্ত পূরণ করতে হবে ।

৬) রেজিঃ নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে উল্লিখিত রেজিঃ নম্বরাট উপরের ঘরে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন ।

৭) বিষয় কোডের ঘরে বাংলার ক্ষেত্রে ১০১, ইংরেজি-১০২, সাধারণ জ্ঞান-১০৪, প্রাসংঙ্গিক টেকনিক্যাল বিষয়-১০৫ এই তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী লিথোকোড ফরমের বিষয় কোডের ঘরের উপরের ফাঁকা অংশে লিখে নিচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন । যেমন- বাংলা বিষয়ের কোড ১০১। সে ক্ষেত্রে বিষয় কোডের ঘরে ১০১ লিখে নিচের কোডের ৩টি বৃত্ত পূরণ করতে হবে ।

৮) লিথোকোড ফরমের অতিরিক্ত খাতার ঘরটিতে প্রযোজ্য বৃত্ত পূরণ করতে হবে । যেমন কোনো প্রার্থী ১টি অতিরিক্ত খাতা নিলে ১ম বৃত্ত, ২টি খাতা নিলে ১ম ও ২য় বৃত্ত এবং ৩টি খাতা নিলে ১ম,২য় ও ৩য় বৃত্ত কালো কালির বল পয়েন্ট দিয়ে পূরণ করবেন । অতিরিক্ত খাতা না নিলে কোনো বৃত্ত পূরণ করতে হবে না ।

৯) লিথোকোড ফরমের মূল খাতার ১ম অংশ ব্যতীত অন্য ২টি অংশে এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিঃ নম্বর ইত্যাদি কোনোভাবে লিখবেন না । লিখলে উত্তরপত্র বাতিল হবে ।

**[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন ]**
**[ চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে ।]**

২৮-০১-২০২৫

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(যুগ্ম-সচিব)
(নন-ক্যাডার)
ফোন : ৫৫০০৬৬৫৫

কখন কখন ঘণ্টা বাজবে ঃ

১:০০ মিঃ পরীক্ষার্থীদের হলে প্রবেশের জন্য সতর্কীকরণ ঘণ্টা;

১:১৫ মিঃ উত্তরপত্র বিতরণসহ প্রাথমিক কাজ শুরু করার ঘণ্টা;

১:৩০ টা প্রশ্নপত্র প্রদান ও পরীক্ষা শুরুর ঘণ্টা;

০৪:৩০ টা পরীক্ষা সমাপ্তি নির্দেশক ঘণ্টা।